গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০০১.০০.০১৩.২০১০-৫০ তারিখঃ ০৯/০২/২০১৪ খ্রিঃ

# অফিস স্মারক

বিষয় ঃ পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' **(Delegation of Financial Powers)** আদেশ।

সূত্রঃ পিপিপি/বিবিধ-১০৮/২০১২-৫৩৪ তারিখঃ ০৬/১০/২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা সরকার কর্তৃক নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছেঃ

**পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য 'আর্থিক ক্ষমতা অর্পণ'(Delegation of Financial Powers) আদেশ।**

| ক্র. নং | পিপিপিটিএএফ অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য বিষয় | প্রধানমন্ত্রীর কার্যালয় | ক্রয়কারী কর্তৃপক্ষ প্রধান (প্রধান নির্বাহী কর্মকর্তা[৩]) |
|---|---|---|---|
| ১. | পণ্য/ মালামাল ইত্যাদি ক্রয় চুক্তি[১] (রিকোয়েস্ট ফর কোটেশন [আরএফকিউ] পদ্ধতি ব্যতীত অন্য সকল পদ্ধতিতে) | **পূর্ণ ক্ষমতা (৫০ কোটি টাকা পর্যন্ত)**<br>নিম্নেলিখিত শর্ত সাপেক্ষে:<br><br>(১) 'Public Private Partnership Technical Assistance Financing (পিপিপিটিএফ) স্কীম ও গাইডলাইন, ২০১২' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br><br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | **১০ কোটি টাকা পর্যন্ত**<br>নিম্নেলিখিত শর্ত সাপেক্ষে:<br><br>(১)'পিপিপিটিএফ স্কীম ও গাইডলাইন, ২০১২' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br><br>(২) পিপিএ- ২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |
| ২. | প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ক্রয় চুক্তি | **পূর্ণ ক্ষমতা**<br>নিম্নেলিখিত শর্ত সাপেক্ষে ;<br><br>(১)'পিপিপিটিএফ স্কীম ও গাইডলাইন, ২০১২' অনুয়ায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br><br>(২) অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের সম্মানী, আপ্যায়ন হার, সেমিনার, রোড শো, ইভেন ম্যানেজমেন্ট বিষয়ে সার্কুলার জারি করতে হবে ;<br><br>(৩) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারি দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, প্রশিক্ষণ ভাতা, খাদ্য সমাগ্রী, ওয়ার্কসপ সেমিনার, যানবাহন ভাড়া, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের জন্য প্রশাসনিক ব্যয়ের বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক বাৎসরিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদন নিতে হবে ;<br><br>(৪) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | **৫০ লক্ষ টাকা পর্যন্ত**<br>নিম্নেলিখিত শর্ত সাপেক্ষে ;<br><br>(১)'পিপিপিটিএফ স্কীম ও গাইডলাইন, ২০১২' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br><br>(২) অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের সম্মানী, আপ্যায়ন হার, সেমিনার, রোড শো, ইভেন ম্যানেজমেন্ট বিষয়ে সার্কুলার জারি করতে হবে ;<br><br>(৩) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারি দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, প্রশিক্ষণ ভাতা, খাদ্য সমাগ্রী, ওয়ার্কসপ সেমিনার, যানবাহন ভাড়া, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের জন্য প্রশাসনিক ব্যয়ের বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক বাৎসরিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদন নিতে হবে ;<br><br>(৪) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

| ক্র. নং | পিপিপিটিএএফ অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য বিষয় | প্রধানমন্ত্রীর কার্যালয় | ক্রয়কারী কর্তৃপক্ষ প্রধান (প্রধান নির্বাহী কর্মকর্তা[৩]) |
|---|---|---|---|
| ৩. | পিপিপি প্রকল্প উন্নয়নের জন্য Transaction Adviser/ পরামর্শক নিয়োগের চুক্তি [২] | **১০ কোটি টাকা পর্যন্ত**<br>নিম্নেলিখিত শর্ত সাপেক্ষে:<br><br>(১)'পিপিপিটিএফ স্কীম ও গাইডলাইন, ২০১২' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br><br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | **৮ কোটি টাকা পর্যন্ত**<br>নিম্নেলিখিত শর্ত সাপেক্ষে:<br><br>(১)'পিপিপিপিটিএফ স্কীম ও গাইডলাইন, ২০১২' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br><br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |
| ৪. | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে | প্রযোজ্য নয় | **৫ লক্ষ টাকা পর্যন্ত**<br>নিম্নেলিখিত শর্ত সাপেক্ষে:<br><br>(১)'পিপিপিটিএফ স্কীম ও গাইডলাইন, ২০১২' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br><br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

**উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় নিম্ন বর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবে ঃ**

**১ ও ২. পণ্য ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং পরামর্শক ক্রয়ে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটি অনুমোদন করবে।**

৩. বিদ্যমান আর্থিক ও প্রাসংগিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণ পূর্বক অর্থ ব্যয় করতে হবে।

৪. বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রিমের ৮৫% সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না।

৫. অর্থ বছরের ৩০ শে জুনের মধ্যে অথবা কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে এবং সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে ।

৬. সকল হিসাব সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে সম্পন্ন করতে হবে।

৭. অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেংগে ভেংগে ক্রয় করা যাবে না।

২. এ স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতাসমূহ শুধুমাত্র প্রধানমন্ত্রীর কার্যালয়াধীন পিপিপি অফিসের তত্ত্বাবধানে পরিচালিত পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

৩. এ অর্পিত ক্ষমতাসমূহ রুলস্ অব বিজনেসের সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান পালন সাপেক্ষে প্রয়োগ করতে হবে;

৪. অর্পিত অধিকতর আর্থিক ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ কর্মকর্তা কর্তৃক সরকারী বিধি-বিধান অনুসরণ করে মিতব্যয়িতা/ দূরদর্শিতা ও বিচক্ষণতার সাথে প্রয়োগ করতে হবে;

৫. **প্রচলিত অন্যান্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' অনুশাসনসমূহে যাহাই থাকুক না কেন, পিপিপিটিএএফ তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে এ স্মারকের মাধ্যমে অর্পিত আর্থিক ক্ষমতাসমূহ কার্যকর হবে;**

৬. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হলো;

৭. আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৭/২/১৪
(সুধাংশু শেখর বিশ্বাস)
অতিরিক্ত সচিব (বাজেট-২)
☎ঃ ৯৫৭৬০০৯

নং- ০৭.১১১.০৩১.০০১.০০.০১৩.২০১০-৫০ তারিখঃ ০৯/০২/২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৪। সদস্য, ................................................................... বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। অতিরিক্ত সচিব (সকল), অর্থ বিভাগ।
৬। যুগ্ম-সচিব (সকল অনুবিভাগ), অর্থ বিভাগ।
৭। যুগ্ম-সচিব (পিপিপি ইউনিট), অর্থ বিভাগ।
৮। উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ।
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, পিপিপি অফিস, প্রধানমন্ত্রীর কার্যালয়, গুলশান-২, ঢাকা।
১০। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়/ অর্থ বিভাগ।
১২। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯/০২/১৪

(টি,কে,এম মোশফেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
☎ঃ ৯৫৫৭২০৩